

## আইকিউএসির উদ্যোগে অর্থোডনটিকস বিভাগের কর্মশালা অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর উদ্যোগে আজ শনিবার ৫ মে ২০১৮ইং তারিখে এ ব্লকের ডেন্টাল ক্লাস রুমে “পোস্ট সেলফ-এ্যাসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান এট প্রোগ্রাম লেভেল অফ অর্থোডনটিকস ডিপার্টমেন্ট” শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল। সভাপতিত্ব করেন অর্থোডনটিকস বিভাগের চেয়ারম্যান ও ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান। আরো উপস্থিত ছিলেন আইকিউএসি-এর পরিচালক অধ্যাপক ডা. মোঃ শফিকুল ইসলাম।

